

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৬ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

অফিস আদেশ

চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজের সিনিয়র ক্রাফট ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল) জনাব সুশীল কুমার প্রামানিক এর জন্ম তারিখ- ০২/০৭/১৯৫৭ খ্রিঃ হওয়ায় তাঁর বয়স ০১/০৭/২০১৬ খ্রিঃ তারিখে ৫৯ বৎসর পূর্ণ হয়েছে। গণকর্মচারী (অবসর গ্রহণ) আইন, ১৯৭৪ এর সংশোধিত ৭ ধারা মোতাবেক তাঁকে ০২/০৭/২০১৬ খ্রিঃ তারিখ হতে নিম্নলিখিত ভাবে অবসর উত্তর (PRL) ছুটি ও ১৮ মাসের এককালীন অর্থ মঞ্জুর করা হলোঃ

(ক) গণকর্মচারী (অবসর আইন) ১৯৭৪ এর (৭) ধারা এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ (বাস্তবায়ন ও প্রবিধি অনুবিভাগ) কর্তৃক ২৮/০৫/২০০৫ তারিখে প্রকাশিত বাংলাদেশ গেজেট নং-এস.আর.ও ১১৯-আইন/২০০৫/অম/অবি/(বাস্ত-১) জাঃ বেঃ স্কেল-১/২০০৫ এর ৬(১৩) মোতাবেক এবং জাতীয় বেতনস্কেল/২০১৫ এর ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী (২) এর (ক) মোতাবেক ০২/০৭/২০১৬ খ্রিঃ তারিখ হতে ০১/০৭/২০১৭ খ্রিঃ তারিখ পর্যন্ত ৩৬৫ দিন অর্থাৎ ১ (এক) বছর পূর্ণগড় বেতনে অবসর উত্তর ছুটি ভোগ করবেন।

(খ) জনাব সুশীল কুমার প্রামানিক এর চাকুরীকালীন সময়ে পূর্ণগড় বেতনে ৮৩৫ দিন এবং অর্ধগড় বেতনে ১০৪২ দিন ছুটি পাওনা আছে। জাতীয় বেতনস্কেল/২০১৫ এর ১০ নং অনুচ্ছেদ অনুযায়ী (২) এর (খ) মোতাবেক মোতাবেক অবসর উত্তর (PRL) ছুটি মঞ্জুরীর পর অবশিষ্ট পূর্ণগড় বেতনে (৮৩৫ - ৩৬৫) ৪৭০ দিন ছুটি এবং অর্ধগড় বেতনে ১০৪২ দিনের ছুটি হতে ১৫০ দিনকে ৭৫ দিন পূর্ণগড় বেতনে রূপান্তরিত করে (৪৭০ + ৭৫) ৫৪৫ দিন বা ১৮ মাসের বর্তমান মূলবেতনের সমপরিমাণ মূলবেতন (২৯৩৭০/- X ১৮ মাস) = ৫,২৮,৬৬০/- (পাঁচ লক্ষ আটশ হাজার ছয়শত ষাট) টাকা এককালীন আর্থিক অনুদান মঞ্জুর করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারী করা হলোঃ

সংযুক্তঃ চাকুরী বহি -১ প্রস্থ।

স্বাক্ষরিত/-
(আ.ন.ম সালাহ উদ্দিন খান)
পরিচালক(পিআইইউ)
রুটিন দায়িত্ব পরিচালক (ভোকেশনাল)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- টিএসসি/চুয়া/পেনশন/১৮৬৫/০৯/৭৪০(৫)

তারিখঃ ০৩/০৬/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল।

০১। অধ্যক্ষ, চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজ।

০২। জেলা হিসাব রক্ষণ অফিসার, চুয়াডাঙ্গা।

০৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, তাকে এ অফিস আদেশ অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৪। জনাব সুশীল কুমার প্রামানিক, ক্রাফট ইন্সট্রাক্টর (ইলেকট্রিক্যাল), চুয়াডাঙ্গা টেকনিক্যাল স্কুল ও কলেজ, চুয়াডাঙ্গা।

০৫। সংরক্ষণ নথি।

(বি.এম. আমিনুল ইসলাম)

সহকারী পরিচালক

কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।